রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মার্চ ২৪, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ ফাল্গুন, ১৪২৭/০৮ মার্চ, ২০২১

নং **৪০.০০.০০০০.০১৫.০৫.০১.১৬-৩০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ গঠন সংক্রান্ত ২৩ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের প্রজ্ঞাপন নং-৪০.০০.০০০০.০১৫.০৫.০১.১৬-২৪৫ রহিত করিয়া সরকার, মালিক ও শ্রমিক পক্ষীয় প্রতিনিধি সমন্বয়ে নিম্নরূপে ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ পুনর্গঠন করিল :

**সভাপতি**
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী।

**সদস্য-সচিব**
অতিরিক্ত সচিব (শ্রম)/যুগ্ম-সচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

**সরকার পক্ষ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
০২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০৩। সচিব, শিল্প মন্ত্রণালয়।
০৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
০৫। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
০৬। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৭। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

০৮। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

০৯। সচিব, কৃষি মন্ত্রণালয়।

১০। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

১১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

১২। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ; ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।

১৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।

১৪। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

১৫। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

১৬। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

১৭। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

১৮। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

১৯। অতিরিক্ত সচিব (রপ্তানীমুখী শিল্প)/যুগ্ম সচিব (রপ্তানীমুখী শিল্প), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

২০। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর।

**মালিক পক্ষ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স্ ফেডারেশন (বিইএফ)।

০২। সহ-সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স্ ফেডারেশন (বিইএফ)।

০৩। মহা-সচিব, বাংলাদেশ এমপ্লয়ার্স্ ফেডারেশন (বিইএফ)।

০৪। প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন।

০৫। প্রেসিডেন্ট, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন।

০৬। চেয়ারম্যান, বাংলাদেশীয় চা সংসদ।

০৭। চেয়ারম্যান, বাংলাদেশ জুট স্পিনারস্ এসোসিয়েশন।

০৮। চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন।

০৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি।

১০। প্রেসিডেন্ট, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন।

১১। জনাব সৈয়দ তানভির হুসাইন, প্রধান মানব সম্পদ কর্মকর্তা, গ্রামীণফোন লিমিটেড।

১২। জনাব এম. আনিস-উদ-দৌলা, চেয়ারম্যান, এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিঃ।

১৩। জনাব সাকিফ আরিফ তাবানী, ব্যবস্থাপনা পরিচালক, খাদিম সিরামিক্স লিমিটেড।

১৪। জনাব মোঃ মাহবুবুর রহমান পাটোয়ারী, সদস্য, কার্যনির্বাহী পরিষদ, বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন।

১৫। মিজ সুস্মিতা আনিস, ব্যবস্থাপনা পরিচালক, এসিআই ফর্মুলেশনস লিমিটেড।

১৬। জনাব সালাউদ্দিন ইউসুফ, ডাইরেক্টর, লুবরেফ বাংলাদেশ লিমিটেড।

১৭। জনাব তানভির আহমেদ, পরিচালক, এনভয় টেক্সটাইলস লিমিটেড।

১৮। জনাব সৈয়দ তারেক মোঃ আলী, ব্যবস্থাপনা পরিচালক, মডার্ন ইন্ডাস্ট্রিজ (বাংলাদেশ) লিঃ।

১৯। জনাব ওয়াসীম আলিম, ব্যবস্থাপনা পরিচালক, চাল-ডাল ডটকম।

২০। জনাব কাজী সাইফুদ্দীন আহমদ, শ্রম উপদেষ্টা, বাংলাদেশ এমপ্লয়ার্স্ ফেডারেশন।

**শ্রমিক পক্ষ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। জনাব নুর কুতুব আলম মান্নান, ভারপ্রাপ্ত সভাপতি, জাতীয় শ্রমিক লীগ।

২। জনাব আব্দুস সালাম খান, কার্য নির্বাহী সদস্য, জাতীয় শ্রমিক লীগ।

৩। জনাব মোঃ ফিরোজ হোসাইন, ট্রেড ইউনিয়ন সমন্বয় বিষয়ক সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ।

৪। জনাব সুলতান আহম্মদ, যুগ্ম সাধারণ-সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ।

৫। জনাব মজিবুর রহমান ভূইয়া, সাধারণ সম্পাদক, বাংলাদেশ মুক্ত শ্রমিক ফেডারেশন।

৬। জনাব শাকিল আখতার চৌধুরী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ লেবার ফেডারেশন।

৭। জনাব ইকবাল আহমেদ চৌধুরী, সভাপতি, বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেস।

৮। ডা. ওয়াজেদুল ইসলাম খান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র।

৯। জনাব মজিবুর রহমান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয় শ্রমিক ফেডারেশন।

১০। জনাব চৌধুরী আশিকুল আলম, সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘ।

১১। জনাব কামরুল আহসান, ভারপ্রাপ্ত সভাপতি, জাতীয় শ্রমিক ফেডারেশন।

১২। জনাব আমিরুল হক আমিন, সাধারণ সম্পাদক, জাতীয় শ্রমিক ফেডারেশন বাংলাদেশ।

১৩। জনাব কামরুল হাসান, মহাসচিব, ইন্ডাস্ট্রি অল বাংলাদেশ কাউন্সিল।

১৪। জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, সাধারণ সম্পাদক, জাতীয় শ্রমিক পার্টি বাংলাদেশ।

১৫। জনাব ফয়েজ হোসেন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্রমিক ফেডারেশন।

১৬। জনাব সাইফুজ্জামান বাদশা, সভাপতি, জাতীয় শ্রমিক জোট বাংলাদেশ।

১৭। জনাব রাজেকুজ্জামান রতন, সাধারণ সম্পাদক, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট।

১৮। জনাব মেজবাহ্ উদ্দিন আহম্মেদ, সভাপতি, জাতীয় শ্রমিক জোট।

১৯। জনাব খান সিরাজুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ।

২০। জনাব মোঃ আনোয়ার হোসাইন, সভাপতি, জাতীয়তাবাদী শ্রমিক দল।

২। পুনর্গঠিত ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ প্রথম অধিবেশনে সরকার, মালিক ও শ্রমিকপক্ষ হইতে একজন করিয়া মোট তিনজন সহ-সভাপতি নির্বাচন করিবেন।

৩। সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতিগণ পর্যায়ক্রমে ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের অধিবেশনে সভাপতিত্ব করিবেন।

৪। সদস্য-সচিব সভাপতির অনুমোদনক্রমে ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ যে সব শ্রম সমস্যার সম্মুখীন সেই সমস্যা সম্বন্ধে অভিজ্ঞ ও ওয়াকিবহাল এমন যে কোনো জাতীয় অথবা আন্তর্জাতিক ব্যক্তিকে পর্যবেক্ষক হিসেবে অধিবেশনে উপস্থিত হওয়া এবং আলোচনায় অংশগ্রহণ করিবার জন্য আমন্ত্রণ জানাইতে পারিবেন।

৫। ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ সাধারণতঃ বৎসরে দুইবার মিলিত হইবে। কিন্তু সভাপতি প্রয়োজনবোধ করিলে যে কোনো সময় জরুরী অধিবেশন আহ্বান করিতে পারিবেন।

৬। সভাপতি সময় বা স্থান সম্পর্কে যে সিদ্ধান্ত গ্রহণ করিবেন সেই সময়ে ও স্থানে ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ মিলিত হইবে।

৭। ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ নিম্নলিখিত কার্য সম্পাদন করিবে:

(ক) মালিক ও শ্রমিক সমিতিগুলি কর্তৃক প্রদত্ত পরামর্শ বিবেচনা করিয়া শ্রম ক্ষেত্রে আইন, বিধি, নীতি ও পরিকল্পনা প্রণয়নে সরকারকে সাহায্য সহায়তা ও পরামর্শ প্রদান;

(খ) দেশের বিদ্যমান সম্পদ এবং সরকারের সার্বিক আর্থ-সামাজিক লক্ষ্য বিবেচনা করিয়া মালিক ও শ্রমিকদের মধ্যে সুসম্পর্ক স্থাপন এবং সম্পর্ক উন্নয়নের ব্যাপারে বিভিন্ন পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করিতে সরকারকে পরামর্শ প্রদান;

(গ) পরিষদের নিকট পরামর্শের জন্য উপস্থাপিত যে কোনো বিষয়ে মালিক ও শ্রমিক সংগঠনগুলির সংগে পরামর্শক্রমে সরকারকে সাহায্য ও পরামর্শ প্রদান;

(ঘ) শ্রম সমস্যা সম্পর্কে সাধারণভাবে সরকারকে অবহিতকরণ;

(ঙ) শিশুশ্রম সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পর্যালোচনা ও সরকারকে পরামর্শ প্রদান;

(চ) বিদ্যমান সম্পদের সম্ভাব্য সর্বোচ্চ ব্যবহার দ্বারা কিভাবে উৎপাদন বৃদ্ধি করা যায় সে সম্বন্ধে সরকারকে পরামর্শ প্রদান; ও

(ছ) আন্তর্জাতিক শ্রমমান পর্যালোচনা।

৮। সরকার কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ বহাল থাকিবে।

৯। ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য এই মন্ত্রণালয়ের শ্রম শাখা সাচিবিক সহায়তা প্রদান করিবে।

১০। ইহা জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আহম্মেদ আলী**
উপসচিব (শ্রম)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd